# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র    বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ আরশাদ আনাম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে বিবিএ এবং এমবিএ ডিগ্রী অর্জনের পাশাপাশি বিআইএম হতে কর্মী ব্যবস্থাপনার ওপর উচ্চতর ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি কর্মী পরিচালনা বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন। বর্তমানে তিনি "আরিয়ান লি." এ একজন কর্মকর্তার হিসেবে কর্মরত আছেন। তিনি কর্তৃপক্ষের প্রণিত লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে তার সহকারীদের দিকনির্দেশনা দিয়ে থাকেন। আর উক্ত সহকারীগণ কর্মীদের মাধ্যমে উক্ত নির্দেশনা বাস্তবায়ন করিয়ে থাকেন।

ক. ব্যবস্থাপনার সংজ্ঞা দাও। ১

খ. "ব্যবস্থাপনা একটি চলমান প্রক্রিয়া।" ব্যাখ্যা কর। ২

গ. আরশাদ আনাম কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরশাদ আনামকে কী ব্যবস্থাপনা বিষয়ে পেশাজীবী বলা যায়? তোমার মতের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

২.▶ ব্যবসায় শিক্ষা বিষয়ে পড়াশুনা শেষে তারেক আজিজ একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে যোগদান করেন। বুদ্ধিমত্তা ও শারীরিক সমার্থ্য বিবেচনা করে কর্তৃপক্ষ তাকে উৎপাদন বিভাগের ইউনিট-২ এর ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দান করেন। তবে তিনি উৎপাদনের কলা-কৌশল সম্পর্কে বিশেষভাবে অভিজ্ঞ না হওয়ায় কর্মীদেরকে সঠিকভাবে নির্দেশনা দিতে ও নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হচ্ছেন। এমতাবস্থায় তার অধীনস্থ কর্মীদের ইউনিট-১ এর উৎপাদন ব্যবস্থাপকও নির্দেশনা দিয়ে থাকেন। এতে কর্মীরা আদেশ পালনের ক্ষেত্রে দ্বিধা-দ্বন্দ্বে ভোগে। ফলে ইউনিট-২ এর কর্মীদের কাজে কখনও কখনও বিশৃঙ্খলা দেখা দেয়।

ক. ব্যবস্থাপনার শৃঙ্খলার নীতি কী? ১

খ. ব্যবস্থাপনা ও প্রশাসনের মধ্যে কার্যগত পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে তারেক আজিজের কোন ধরনের ব্যবস্থাপকীয় দক্ষতার ঘাটতি অধিক লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইউনিট-২ এর কর্মীদের মাঝে শৃঙ্খলা বজায় রাখতে কী করণীয় তা হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার নীতির আলোকে বর্ণনা কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ টারবাইন লি. এর উৎপাদন লক্ষ্যমাত্রা পরবর্তী ৫ বছরে বর্তমানের চেয়ে তিন গুণে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এজন্য নতুন যন্ত্রপাতি সংযোজনসহ প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করা হয়। এতে কর্মীদের কাজের চাপ ও দায়িত্ব বেড়ে যাওয়ায় তারা তা আন্তরিকভাবে মেনে নিতে পারছে না। ফলে কর্মীদের কাজে ব্যাপক মাত্রায় অমনোযোগিতা প্রকাশ পাচ্ছে। অবস্থা দৃষ্টে কর্তৃপক্ষ তাদের উৎপাদন লক্ষ্যমাত্রা কমিয়ে আনার সিদ্ধান্ত গ্রহণ করে।


ক. একার্থক পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনার আঙ্গিনা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনার উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত পরিকল্পনা ব্যর্থতার কারণ উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪. ▶




Teachingbd.com

ক. সংগঠিতকরণের সংজ্ঞা দাও। ১

খ. "কমিটি হলো সংগঠনের মধ্যে সংগঠন"– ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে কোন ধরনের সংগঠনের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উপরি-উক্ত সংগঠনের কর্মীদের মাঝে দ্বৈত অধীনতার সৃষ্টি হতে পারে – তুমি কী এর সাথে একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৫.▶ মিড সিটি লি.-এ ৭ জন সদ্য সমাপ্ত বিবিএ ডিগ্রীধারীকে বিক্রয় বিভাগের সরকারি ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দেয়া হয়। অতঃপর তাদেরকে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা হয় পাশাপাশি তাদেরকে প্রতিষ্ঠানের নীতি, আদর্শ ও কর্মকৌশল সম্পর্কেও ধারণা দেয়া হয়। এছাড়াও তাদের উপরস্থ ও অধীনস্থদের সাথেও যোগাযোগ করিয়ে দেয়া হয়। উক্ত নবাগতদের বাস্তব অভিজ্ঞতার ঘাটতি থাকলেও প্রতিষ্ঠানের উক্ত বিভাগেই অভিজ্ঞ মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপক রয়েছেন। কর্তৃপক্ষ নবাগতদেরকে প্রতিষ্ঠানের অভ্যন্তরেই প্রশিক্ষিত করে তোলার কথা ভাবছেন।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. স্তরের ভিত্তিতে কর্মী সংগ্রহ ও কর্মী নির্বাচনের পার্থক্য দেখাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রথম পর্যায়ের কার্যক্রমকে কোন ধরনের প্রশিক্ষণ বলে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে প্রশিক্ষণের যথাযথ পদ্ধতি যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৬.▶ মি. বিশ্বনাথ বিশ্বাস 'এ.কে টেকনো লি.' এর বিক্রয় বিভাগের প্রধান হিসেবে কর্মরত আছেন। দেশের বিভিন্ন স্থানে তাদের ১৪টি শো-রুম রয়েছে। সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তিনি তার অধীনস্থদের শাখাভিত্তিক দায়িত্ব দিয়ে প্রত্যেকের বিক্রয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেন। এছাড়া বিভাগীয় যে কোনো সিদ্ধান্ত তিনি একাই গ্রহণ করেন এবং অধীনস্থদের করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে কর্মীদের মতামত প্রকাশের সুযোগ না থাকায় প্রায়শই তারা কর্মক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন।

ক. নির্দেশনা কাকে বলে? ১

খ. সমন্বয়ে নমনীয়তার নীতি বলতে কী বুঝায়? ২

গ. মি. বিশ্বনাথের নেতৃত্বের ধরন কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. কর্মীদের উদ্ভূত সমস্যা সমাধানের জন্য বিশ্বনাথের কী করণীয় বলে তুমি মনে কর? যুক্তি দেখাও। ৪

৭.▶ মি. হরেন্দ্রনাথ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মানব সম্পদ বিভাগের প্রধান। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের উৎকর্ষতা বৃদ্ধি ও লক্ষ্যকেন্দ্রীক কার্য পরিচালনার উদ্দেশ্যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন, তন্মধ্যে সুনির্দিষ্ট বেতন কাঠামো ও পদোন্নতির ভিত্তি নির্ধারণ অন্যতম। ফলে কর্মীদের আন্তরিকতাও বেড়েছে। বর্তমানে তিনি কর্মীদের সফলতা মূল্যায়ন সাপেক্ষে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন।

http://teachingbd.com

ক. ইতিবাচক প্রেষণা কাকে বলে? ১
খ. চাহিদার সোপান তত্ত্বে 'নিরাপত্তা চাহিদা' বলতে কী বুঝায়? ২
গ. মি. হরেন্দ্রনাথের গৃহীত পদক্ষেপসমূহ দ্বি-উপাদান তত্ত্বের কোন্ উপাদানটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হরেন্দ্রনাথের গৃহীত সিদ্ধান্ত কর্মীদের মাঝে কীরূপ প্রভাব ফেলবে? দ্বি-উপাদান তত্ত্বের আলোকে পর্যালোচনা কর। ৪

৮.▶ জনাব মাসুদ ২০১৪ সালে তার প্রতিষ্ঠান থেকে ৪ লক্ষ পিস শার্ট বিক্রয়ের লক্ষ্যমাত্রা ঠিক করেন। কিন্তু তিনি তা বিক্রয় বিভাগ, বাজারজাতকরণ বিভাগ ও অর্থ বিভাগকে অবহিত না করায় বিপুল পরিমাণ শার্ট অবিক্রীত থেকে যায়। যার ফলে গুদামজাতকরণে সমস্যা সৃষ্টি হয় এবং প্রতিষ্ঠানটি প্রচুর আর্থিক লোকসানের সম্মুখীন হয়। এমতাবস্থায় জনাব মাসুদ তার প্রতিষ্ঠানের সকল বিভাগের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ডিকোডিং কী? ১
খ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে কী বুঝায়? ২
গ. জনাব মাসুদের প্রতিষ্ঠানে প্রধানত ব্যবস্থাপনার কোন কাজের ঘাটতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মাসুদ তার প্রতিষ্ঠানের সফলতার জন্য যে পদক্ষেপ নিয়েছে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯.▶ XY লি. এর উৎপাদন লক্ষ্যমাত্রা প্রতিমাসে ৭০০০ একক ধরে একক প্রতি উৎপাদন ব্যয় ৩০ টাকা হিসেবে সর্বমোট উৎপাদন খরচ ২১০,০০০ টাকা নির্ধারণ করা হয়। কিন্তু প্রতিষ্ঠানটির মাসে ৭০০০ একক উৎপাদন করতে ২,৪০,০০০ টাকা খরচ হয়েছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানের প্রত্যেকটি স্তরে জবাবদিহিতার পাশাপাশি বিভিন্ন কৌশল ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। কিন্তু পরবর্তী মাসেও উৎপাদন খরচ কাঙ্খিত লক্ষ্যমাত্রায় আনা সম্ভব হয়নি। সার্বিক পরিস্থিতি ও বাজার বিবেচনা করে কর্তৃপক্ষ উৎপাদন ব্যয় লক্ষ্যমাত্রা পূনঃনির্ধারণে সিদ্ধান্ত নিয়েছে।

ক. BEP এর পূর্ণরূপ কী? ১
খ. পরিকল্পনাকে নিয়ন্ত্রণ কাজের ভিত্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন্ ধরনের নিয়ন্ত্রণ ব্যবস্থা গৃহীত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার অংশ হিসেবে কর্তৃপক্ষের গৃহীত পদক্ষেপটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **প্রেষণা প্রক্রিয়া কোন স্তর থেকে শুরু হয়?**
ক) তাড়না খ) উদ্বিগ্নতা
গ) অভাব ঘ) লক্ষ্য

২. **আধুনিক শ্রমিক কর্মী ব্যবস্থানার জনক কে?**
ক) এফ ডব্লিউ টেইলর খ) রবার্ট ওয়েন
গ) হেনরি ফেয়ল ঘ) জেমস স্টুয়ার্ট

৩. **নেতৃত্ব বিকাশে নেতার নিজস্ব সমস্যা কোনটি?**
ক) উপকরনাদির অপর্যাপ্ততা
খ) দায় এড়ানোর প্রবণতা
গ) নেতৃত্বের প্রতি বিরূপ মনোভাব
ঘ) নেতার উপর অতি নির্ভরশীলতা

৪. **নিচের কোনটি শব্দ বহির্ভূত যোগাযোগ?**
ক) প্রতীক খ) কথোপকথোন
গ) চিঠি ঘ) ই-মেইল

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. জাফর একটি জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে তিনি প্রতিটি কাজকে বিশেষায়নের ভিত্তিতে বিভক্তি করেছেন। বিভাগীয় কার্যাবলী সঠিকভাবে সম্পূর্ণ করার জন্য তিনি বিভাগীয় ব্যবস্থাপকদের পৃথক পৃথক পরিকল্পনা প্রণয়নের নির্দেশ দিয়েছেন।

৫. **মি' জাফর বিভাগীয় ব্যবস্থাকদের কোন ধরনের পরিকল্পনা গ্রহণের নির্দেশ দিয়েছেন?**
ক) কার্যভিত্তিক খ) একার্থক
গ) স্থায়ী ঘ) সামগ্রিক

৬. **এ ধরনের পরিকল্পনা গ্রহণের ফলে তার প্রতিষ্ঠান যে সুফল লাভ করবে তা হলো—**
i. উৎপাদন বৃদ্ধি
ii. শ্রম বিভাজনের সুবিধা অর্জন
iii. শ্রম ঘূর্ণায়মানতা হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. **নিয়ন্ত্রণের ভিত্তি কোনটি?**
ক) প্রেষণা খ) সংগঠন
গ) পরিকল্পনা ঘ) সমন্বয়সাধন

৮. **কর্মীদের আন্তরিকতা ও উৎসাহ বৃদ্ধিতে সহায়তা করে সমন্বয়ের কোন নীতি?**
ক) আনুষ্ঠানিক সম্পর্কের নীতি
খ) অনানুষ্ঠানিক সম্পর্কের নীতি
গ) তত্ত্বাবধান পরিসরের নীতি
ঘ) প্রত্যক্ষ যোগাযোগের নীতি

৯. **নেতিবাচক নেতৃত্বের কার্যকর সময় কীরূপ?**
ক) সাময়িক খ) দীর্ঘস্থায়ী
গ) মধ্য মেয়াদি ঘ) সুদূর প্রসারিত

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. বিজয় একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে কর্মীদের কঠোর শাসন এবং স্নেহ ভালোবাসার মাধ্যমে কাজ আদায় করেন। উৎপাদন বিভাগের একজন শ্রমিক আহত হলে তিনি চিকিৎসার যাবতীয় ব্যয় ভার গ্রহণ করেন। তার কর্মকাণ্ডে কর্মীরা তার উপর সন্তুষ্ট।

১০. **উদ্দীপকে মি. বিজয় কোন ধরনের নেতৃত্ব প্রয়োগ করেন?**
ক) স্বৈরতান্ত্রিক খ) পিতৃসুলভ
গ) গণতান্ত্রিক ঘ) কর্ম-কেন্দ্রিক

১১. **বর্ণিত প্রতিষ্ঠানে মি. বিজয়ের এরূপ নেতৃত্বের ফলে—**
i. প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পাবে
ii. মালিক-শ্রমিক সম্পর্ক উন্নয়ন হবে
iii. প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. **ল্যাটিন কোন শব্দ হতে ইংরেজি Management শব্দের উৎপত্তি?**
ক) Maneggiare খ) Managgiare
গ) Menaggiare ঘ) Meneggiare

১৩. **সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কোনটি সম্ভব?**
ক) সম্পদের কার্যকর ব্যবস্থা করে লক্ষ্যার্জন
খ) অধিক বিনিয়োগ ও এর উত্তম ব্যবহার
গ) অধিক মুনাফা অর্জন ও প্রতিষ্ঠান সম্প্রসারণ
ঘ) দক্ষ জনশক্তি উন্নয়ন ও সংরক্ষণ

১৪. **কর্মীসংস্থানের কাজ ব্যবস্থাপনার কোন কাজের সাথে অধিকতর সম্পর্কযুক্ত—**
ক) পরিকল্পনা খ) সংগঠন
গ) প্রেষণা ঘ) নিয়ন্ত্রণ

১৫. **সৌহার্দ্য পূর্ণ শ্রম-ব্যবস্থাপনা সম্পর্ক প্রতিষ্ঠা করা কোন ব্যবস্থাপনার আদর্শ?**
ক) সনাতন খ) আধুনিক
গ) প্রাগৈতিহাসিক ঘ) বৈজ্ঞানিক

১৬. **ব্যবস্থাপনাকে একটি পাঠযোগ্য শাস্ত্র হিসেবে কে প্রতিষ্ঠা করেন?**
ক) এফ ডব্লিউ টেইলর খ) হেনরি ফেয়ল
গ) রবার্ট ওয়েন ঘ) অলিভার শেলডন

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মিস সুবর্ণা একটি প্রতিষ্ঠানের সেলস প্রমোশন অফিসার। এ কাজের জন্য তাকে নতুন ও পুরাতন বিভিন্ন গ্রাহকের সাথে যোগাযোগ রাখতে হয়। বিক্রয় টার্গেট পূরণ করতে তার চেষ্টার কোন শেষ নেই।

১৭. **মিস সুর্বণার কাজে কোন ধরনের দক্ষতা অধিক প্রয়োজন?**
ক) আন্তঃব্যক্তিক দক্ষতা খ) কারিগরি দক্ষতা
গ) সমস্যা অনুধাবনের দক্ষতা
ঘ) সাংগঠনিক দক্ষতা

১৮. **মিস সুর্বণার মাঝে এ ক্ষেত্রে যে গুণের প্রয়োজন হয়—**
i. আত্মবিশ্বাস ii. ধৈর্য
iii. অনুপ্রাণিত করার ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. **কোন ধরনের পরিকল্পনায় নমনীয়তার অভাব পরিলক্ষিত হয়?**
ক) স্থায়ী পরিকল্পনা খ) দীর্ঘমেয়াদি
গ) একার্থক ঘ) বিভাগীয়

২০. **বাজেট কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত?**
ক) স্থায়ী পরিকল্পনা খ) লক্ষ্য
গ) একার্থক ঘ) বিভাগীয় পরিকল্পনা

২১. **দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী নিচের কোনটি প্রেষণার রক্ষণাবেক্ষণ উপাদান?**
ক) স্বীকৃতি খ) আকর্ষণীয় কাজ
গ) দায়িত্ব ঘ) পদমর্যাদা

http://teachingbd.com

২২. **নেতার সাংগঠনিক ক্ষমতা কোনটি?**
ক) ক্ষমতা প্রদর্শন খ) ব্যক্তিগত ক্ষমতা
গ) বিশেষায়িত ক্ষমতা ঘ) অর্জিত ক্ষমতা

২৩. **কোন পদ্ধতিতে প্রশিক্ষণার্থী অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ নির্বাহীর অধীনে কাজ করার মাধ্যমে প্রশিক্ষণ লাভ করে?**
ক) পদ পরিবর্তন খ) শিক্ষানবীশ পদ্ধতি
গ) প্রবেশনা পদ্ধতি ঘ) কোচিং

২৪. **একটি প্রতিষ্ঠানে কর্মীদের কর্মস্থল পরিত্যাগের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এর জন্য নিয়ন্ত্রণের কোন উপায়টি উত্তম।**
ক) সংখ্যাত্মক উপাত্ত বিশ্লেষণ
খ) বিশেষ প্রতিবেদন বিশ্লেষণ
গ) ব্যক্তিক পর্যবেক্ষণ
ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা

২৫. **আধুনিক কর্মী ব্যবস্থাপনার বিষয়ে সবচেয়ে গ্রহণযোগ্য তথ্য প্রদান করেন কে?**
ক) হেনরি ফেয়ল খ) এফ ডব্লিউ টেইলর
গ) আব্রাহাম মাজলো ঘ) রবার্ট ওয়েন

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
স্টার পাবলিকেশন লি. এর জেনারেল ম্যানেজার সৈকত হোসেন সংগঠনের কার্যক্রম চিহ্নিত করে এগুলোকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করেন। এরপরে দক্ষতা অনুযায়ী কর্মীদের উপর দায়িত্ব ও কর্তব্য অর্পণ করেন। তিনি পারস্পরিক সম্পর্ক বুঝিয়ে তাদের মধ্যে যোগসূত্র ও স্থাপন করে দিলেন।

২৬. **মি. সৈকত হোসেন কোন ধরনের সংগঠন কাঠামো গঠন করেছেন?**
ক) সরলরৈখিক খ) কমিটি
গ) সরলরৈখিক ও পদস্থকর্মী সংগঠন
ঘ) মেট্রিক্স

২৭. **উদ্দীপকে মি. সৈকত যে কাজের সাথে জড়িত?**
i. সাংগঠনিক প্রক্রিয়ার বিভিন্ন ধাপের সাথে
ii. কর্মী নির্বাচনের বিভিন্ন ধাপের সাথে
iii. লক্ষ্য অনুযায়ী কার্যক্রম নির্ধারণের
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. **ব্যবস্থাপনার সমন্বয় বলতে কীসের সমন্বয়কে বোঝায়?**
ক) উপকরণাদির খ) জনশক্তির
গ) প্রয়াস প্রচেষ্টার ঘ) কাজ ও কর্তব্যের

২৯. **হেলাল ব্রাদার্স কম খরচে ও স্বল্প সময়ে কর্মী সংগ্রহ করতে চায়। প্রতিষ্ঠানটির উপযুক্ত উৎস হলো—**
i. শ্রমিক সংঘ ii. পদোন্নতি
iii. কারিগরি প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **আল-ফারাবি লিখিত 'রাষ্ট্র ব্যবস্থাপনা' পদ্ধতি কোন যুগের?**
ক) প্রাচীন যুগ খ) মধ্যযুগ
গ) শিল্প বিপ্লব ঘ) শিল্প বিপ্লব পরবর্তী যুগ

**উদ্দীপকটি পড়ো এবং ৩১ নং প্রশ্নের উত্তর দাও।**
রবিন টেক্সটাইল লি.-এর কর্তৃপক্ষ তাদের ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিয়ন্ত্রণের জন্য যে কৌশল কর্তৃপক্ষ গ্রহণ করেছেন সেখানে কাজের শুরু ও শেষ সময় উল্লেখ থাকে।

৩১. **উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নে নিয়ন্ত্রণের কোন কৌশল অবলম্বন করেছেন?**
ক) পার্ট খ) বাজেট
গ) তথ্য বিশ্লেষণ ঘ) ব্যক্তিগত পর্যবেক্ষণ

৩২. **নিচের কোনটিকে ব্যবস্থাপনার দর্পণ হিসেবে বিবেচনা করা হয়?**
ক) সংগঠন খ) নির্দেশনা
গ) পরিকল্পনা ঘ) নিয়ন্ত্রণ

৩৩. **কাজের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতি কোনটি—**
ক) সেমিনার খ) পদ পরিবর্তন
গ) ওয়ার্কশপ ঘ) অধিবেশন

**উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. জামান যুক্তরাষ্ট্রের একটি বড় ফার্মে চাকরি করেন। তিনি কার্যক্ষেত্রে সাফল্য ও স্বীকৃতি প্রত্যাশা করেন। তার বন্ধু বাংলাদেশ থেকে তার কাছে বেড়াতে গিয়ে তার প্রত্যাশার কথা শুনে আশ্চর্য হয়েছেন।

৩৪. **মি. জামানের প্রত্যাশা প্রেষণার কোন তত্ত্বের সাথে অধিক সম্মতিপূর্ণ?**
ক) প্রত্যাশাতত্ত্ব খ) চাহিদা সোপান তত্ত্ব
গ) দ্বি-উপাদান তত্ত্ব ঘ) X ও Y তত্ত্ব

৩৫. **বন্ধুর আশ্চর্য হওয়ার কারণ—**
i. বাংলাদেশে আর্থিক প্রেষণাই গুরুত্বপূর্ণ
ii. সাফল্য ও স্বীকৃতির বিষয়টির গুরুত্ব দেশে কম
iii. দুটি দেশের কর্মীদের দৃষ্টি ভঙ্গিগত ভিন্নতা রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. **কোনটি সংগঠিকতরণের ধরণ বা প্যার্টান?**
ক) সংগঠন খ) সংগঠন কাঠামো
গ) ব্যবস্থাপনা ঘ) প্রশাসন

৩৭. **প্রতিষ্ঠানের সম্প্রসারণ ও সহজ পরিবর্তন কোনটির উপর নির্ভরশীল?**
ক) সংগঠন খ) পরিকল্পনা
গ) উদ্যোক্তা ঘ) নেতৃত্ব

৩৮. **ডিকোডিং বলতে কী বোঝায়?**
ক) প্রাপক কর্তক সংবাদ গ্রহণ
খ) ফলাবর্তন
গ) সংবাদ গ্রহণযোগ্য করে সাজানো
ঘ) সংবাদ প্রেরণযোগ্য করে সাজানো

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আহম্মদ তার কোম্পানির ম্যানেজার হিসেবে সকল কর্মচারীদের সাথে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ঐকমত্যে পৌছাতে চান। তাই তিনি যোগাযোগের এমন একটি পদ্ধতি বেছে নিলেন যেন তিনি সবার মতামত একত্রে জানতে পারেন। পরবর্তী গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে সকলকে জানানোর জন্য তিনি প্রযুক্তির আশ্রয় নিলেন।

৩৯. **মি. আহম্মদ প্রথমত যোগাযোগের কোন পদ্ধতিটি বেছে নিয়েছিলেন?**
ক) নোটিস বোর্ড খ) ই-মেইল
গ) সাক্ষাৎকার ঘ) সম্মেলন

৪০. **উদ্দীপকে পরবর্তীতে গৃহিত সিদ্ধান্ত সকলকে জানানোর উপায় কোনটি হতে পারে—**
ক) বিশেষ প্রতিবেদন খ) ই-মেইল
গ) দূরালাপনী ঘ) ফ্যাক্স

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com